349

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 1 3 1999

পৃষ্ঠা ৯ কলাম ৪ ......

গণতান্ত্রিক ছাত্র ঐক্যের সভায়

# শিক্ষা সংকোচন নীতির সমালোচনা

চট্টগ্রাম অফিস ॥ গণতান্ত্রিক ছাত্র ঐক্য চট্টগ্রাম শাখার আয়োজিত এক সভায় ছাত্র ঐক্যের কেন্দ্রীয় নেতৃবৃন্দ সরকারের শিক্ষা সংকোচন নীতির তীব্র সমালোচনা করিয়া বলেন, শিক্ষাক্ষেত্রে বৈষম্যমূলক নীতি রোধ করার লক্ষ্যে একটি বৃহৎ ছাত্র আন্দোলনের কোনও বিকল্প নাই। বক্তারা এ লক্ষ্যে গণতান্ত্রিক ছাত্র ঐক্যের ন্যায়সংগত সংগ্রামে ছাত্র সমাজের সকলকে অংশগ্রহণের আহ্বান জানান। গত শুক্রবার সংগঠনের নগর সভাপতি খালেকুজ্জামান লিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক সাইফুর রহমান তপন, ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় নেতা হাসান তারিক চৌধুরী সোহেল, ছাত্রলীগ সভাপতি ইমাম গাজ্জালী, ছাত্র মৈত্রীর কেন্দ্রীয় নেতা আহাদ মিনার, স্বাগত ধর টিটু, স্বপায়ন বড়ুয়া প্রমুখ। সভায় বক্তারা শিক্ষার ঢালাও বাণিজ্যিকীকরণ, সাম্প্রদায়িকীকরণের নিন্দা জানান এবং আগামী ১৪ই ফেব্রুয়ারী ঢাকায় কেন্দ্রীয় কর্মসূচী সফল করার আহ্বান জানান।